



Bedfordshire  
Fire and Rescue Service



Bedfordshire  
Fire and Rescue Service



Bedfordshire  
Fire and Rescue Service

## পরিচর্যাকারীদের জন্য তথ্য

আপনি সেবা নিতে পারবেন যদি:

- আপনি এমন একজন মানুষের সাথে বসবাস করেন যার মধ্যে ডেমনেশিয়া রোগ শনাক্ত করা হয়েছে
- আপনার বয়স 65 বছরের চেয়ে অধিক এবং এমন কোনো মানুষের সাথে বসবাস করছেন যার মধ্যে ডেমনেশিয়া রোগ শনাক্ত করা যায়নি কিন্তু তার স্মৃতি নিয়ে উদ্বেগ রয়েছে

স্মৃতি নিয়ে উদ্বেগে রয়েছেন এমন কাউকে নিয়ে যদি আপনি চিন্তিত থাকেন তাহলে তাকে তার জেনারেল প্রাক্টিশনার (GP) এর সাথে দেখা করতে আপনার উৎসাহ প্রদান অথবা নিয়ে যাওয়া উচিত

## আমি কীভাবে এই সেবা পাব?

- যদি আপনার ডেমনেশিয়া রোগ নির্ণয় করা হয়ে থাকে তাহলে আপনি যেকোনো স্বাস্থ্য, সমাজসেবা অথবা স্বৈচ্ছাসেবক সংস্থার স্টাফ সদস্যের কাছে যোগাযোগ করতে পারবেন, তাদেরকে শুধু এই লিফলেটটি প্রদর্শন করবেন
- ডেমনেশিয়া রোগ শনাক্ত করা হয়েছে এমন কেউ কল করে সহায়তা নিতে পারবেন এই নম্বরে 01234 – xxxxxx
- যদি আপনার ডেমনেশিয়া রোগ শনাক্ত করা যায়নি কিন্তু আপনি আপনার স্মৃতি নিয়ে উদ্বেগে রয়েছেন তাহলে আপনি সহায়তা নিতে কল করুন এই নম্বরে 01234 – xxxxxx

শুধুমাত্র পেশাদারদের জন্য:

একটি রেফারেন্স করতে অথবা একটি রেফারেন্স ফর্মের অনুরোধ করতে ইমেইল করতে পারবেন এই ঠিকানায় [safeandwell@bedsfire.com](mailto:safeandwell@bedsfire.com)

## ডিমনেশিয়া

# “নিরাপত্তাকে অগ্রাধিকার”

## বেডফোর্ড বরোর বাসিন্দাদের জন্য

## ডেমনেশিয়া আক্রান্ত ব্যক্তিদের তাদের বাড়িতে নিরাপদে বসবাস করতে সহায়তা করা



BEDFORD  
BOROUGH COUNCIL



BEDFORD  
BOROUGH COUNCIL



Bedfordshire  
Fire and Rescue Service

বাসা নিরাপত্তা পরামর্শক স্টেসি একজন বাসার মালিককে  
বোঝাচ্ছেন কীভাবে একটি স্মোক এলার্ম কাজ করে যা  
বিনামূল্যে সরবরাহ এবং স্থাপনসেবার একটি অংশ



### কেন এই সেবা প্রদান করা হয়?

- তাদের বাড়িতে কোনো আগুন সংক্রান্ত ঘটনা নিয়ে ডোমেনশিয়া অথবা স্মৃতি সমস্যা দ্বারা আক্রান্ত ব্যক্তির আঘাতের ঝুঁকির সর্বোচ্চ পর্যায়ে রয়েছে।
- পড়ে যাওয়া বা হেঁচট থেকে আঘাতের ঝুঁকি কমাতে। প্রতি বছর, পড়ে যাওয়া বা হেঁচট থেকে আঘাতপ্রাপ্ত হয়ে অনেক ব্যক্তি হাসপাতালে ভর্তি হোন।
- বাসায় সম্ভাব্য বিপদ শনাক্ত করা ও সেগুলো সমাধানে ডিমনেশিয়া আক্রান্ত ব্যক্তিদের পরিচর্যাকারীদেরকে সহায়তা করা

### এই সেবা কী কী প্রদান করে?

- আপনাকে নিরাপদ রাখার জন্য স্মোক এলার্মসহ বাসার অগ্নি নিরাপত্তা মূল্যায়ন এবং বিনামূল্যে যন্ত্রপাতির ব্যবস্থা করা
- অগ্নিকাণ্ডের সময় আপনি নিজেকে কীভাবে নিরাপদ স্থানে নিয়ে যাবেন সে বিষয়ে পরিকল্পনা করতে এটি আপনাকে সহায়তা করে
- শীতকালে নিরাপদের সাথে উষ্ণ থাকার জন্য একটি ব্যক্তিগত কল্যাণ পরীক্ষা এবং উষ্ণ থাকতে আপনার যোগ্যতা পরীক্ষা
- রান্না করা, ধূমপান করা এবং দরজার নিরাপত্তা বিষয়ক সমস্যা নিয়ে পরামর্শ
- অন্যান্য সংগঠনসমূহের রেফারেল মারা বসবাসে সহায়তা এবং আপনার বাসায় আবারো নিরাপদের সাথে স্থানান্তর হওয়ার জন্য আপনাকে সাহায্য করতে পারে
- ট্রাসকৃত ঝুঁকি – বৃদ্ধিকৃত নিরাপত্তা

আমি যদি সেবার সাথে যোগাযোগ করি অথবা এই সেবাতে আমাকে রেফার করা হয় তাহলে কী হবে?

- একজন বাসা নিরাপত্তা পরামর্শক বাসায় গিয়ে আপনার সাথে সাক্ষাৎ করার জন্য একটি সময় নির্ধারণ করবেন
- আপনার অবস্থা ও পারিপার্শ্বিকতা বুঝতে আমাদের সময়ের প্রয়োজন আছে বলে আমরা আপনার সাথে পর্যাপ্ত সময় ব্যয় করব
- আমরা যাতে আমাদের সর্বোচ্চ ভালো সেবা প্রদান করতে সহায়তা পাই সেজন্য আমরা আপনার কাছ থেকে কিছু ব্যক্তিগত তথ্য সংগ্রহ করব এবং সেগুলো ফাইলে সংরক্ষণ করব।
- এই তথ্যসমূহ ফাইলে সংরক্ষণ করতে এবং প্রয়োজন অনুসারে আমাদের অংশীদারদের সাথে বিনিময় করতে আমরা আপনার অনুমতি নিব। উদাহরণস্বরূপ, আপনার বাথরুমে অথবা হলওয়েতে হাতল (হ্যান্ডবেইল) স্থাপন করার অনুরোধ করা।
- আমরা আপনাকে একটি নিরাপত্তা বিষয়ক বুকলেট দিব যেখানে আমাদের আলোচনার বাইরে আবারো অনেক তথ্য রয়েছে
- আমরা সন্মানের সহিত আপনার সাথে আচরণ করব এবং যোগাযোগ, সংস্কৃতিগত, স্বাস্থ্য এবং শারিরিক কোনো সমস্যা দেখা দিলে আমরা তা সর্বোচ্চ উপযুক্তভাবে সমাধানের চেষ্টা করব।
- আমরা কী নিয়ে কথা বলেছি সে সম্পর্কে আবার মনে করিয়ে দেওয়ার জন্য একটি পরবর্তী পরিদর্শনের আয়োজন করা যাবে



BEDFORD  
BOROUGH COUNCIL